দূরভাষ ঃ ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স ঃ ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা
কোলকাতা ঃ ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -  তারিখঃ

## সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ০৫  সময়ঃ বেলা ২ টা
তাং - ১৯।১১।২০১৫  স্থানঃ পৌরসভা সভা কক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৪ নং)কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন সংক্রান্ত।
(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।
(৫) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়ক।
(৬) বিবিধ।

**উপস্থিতিঃ**

- ★ পৌরপ্রধানঃ শ্রী রথীন ঘোষ
- ★ উপ পৌরপ্রধানঃ শ্রী সুদীপ মিত্র

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

| | |
|---|---|
| ✸ শ্রীমতী ফরিদা বিবি | ✸ শ্রী সুশান্ত রায় |
| ✸ মহঃ নজরুল ইসলাম | ✸ শ্রী কিশোর কুমার রায় |
| ✸ মহঃ জুম্মান আলী | ✸ ~~[illegible]~~ |
| ✸ শ্রীমতী মমতা রায় সেন | ✸ মহঃ আব্দুল মান্নান |
| ✸ শ্রী অমিত রায় চৌধুরী | ✸ শ্রী প্রহ্লাদ কুমার দত্ত |
| ✸ শ্রীমতী বর্ণালী দাস বিশ্বাস | ✸ শ্রীমতী আত্রেয়ী গুহ |
| ✸ শ্রী পঙ্কজ কান্তি চন্দ | ✸ শ্রী শ্যামল দাশগুপ্ত |
| ✸ শ্রীমতী মীরা দাস | ✸ শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত |
| ✸ শ্রী সনৎ বিশ্বাস | ✸ শ্রীমতী দীপান্বিতা দত্ত |
| ✸ শ্রী অরবিন্দ মিত্র | ✸ শ্রী প্রকাশ রাহা |
| ✸ শ্রীমতী অন্তরা মজুমদার বিশ্বাস | ✸ শ্রীমতী সুতপা ব্যানার্জী |
| ✸ শ্রীমতী ষষ্ঠী বৈরাগী | ✸ শ্রীমতী সোমা মন্ডল |
| ✸ শ্রী আশীষ মল্লিক | ✸ শ্রী নিমাই চন্দ্র ঘোষ |

**অন্যান্য উপস্থিতিঃ শ্রী হিমাংশু প্রভ রায়-নির্বাহী আধিকারিক**

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভায় উপস্থিত সকল সদস্যকে শারদীয়া, দীপাবলী, মহরম, ছট পূজা এবং প্রাক জগদ্ধাত্রী পূজার শুভেচ্ছা জানান।

শ্রী সনৎ বিশ্বাসও শুভেচ্ছা জানিয়ে জিরো আওয়ারে বলেন জোন ভিত্তিতে যে Assessment Rate করা আছে তার অনেক পরিবর্তন হওয়ায় জোন এরিয়া রিসাফল করা উচিত কারণ নতুন নতুন মার্কেট, কমার্শিয়াল বিল্ডিং, বহুতল বাড়ী ও ইন্ডাস্ট্রী হয়েছে। জোন ধরে প্রকৃত রেট অনুযায়ী Assessment হচ্ছে কিনা তাও দেখা উচিত। আরো বলেন ব্যক্তি বিশেষের Assessment না করে West Bengal Valuation Board মারফৎ Assessment করলে পৌরসভার আয় বাড়বে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আগের বোর্ডে Assessment হয়েছিল।নতুন করে Survey Form CVB তে পাঠানো হয়েছে।যতক্ষন না পর্যন্ত Final হচ্ছে ততক্ষন পর্যন্ত তারা বলেছে পৌরসভাকে Provisional Tax করতে।বর্তমানে WVB-র নিয়ম অনুযায়ী Assessment নির্দ্ধারণ করা হচ্ছে। গত বোর্ডে Valuation করবার জন্য পাঠানো হয়েছিল।সেই কাজ চলছে।তৈরী হয়ে গেলে Valuation Board কে দিয়ে Published করানো হবে।এবারই প্রথম নাগরিকদের কাছে আমরা demand পাঠাতে পেরেছি। কেন্দ্রীয় সরকারের সংস্থার Service Charges পাওয়া যাবে। রাজ্য সরকারের ক্ষেত্রে আইনে বলা আছে পাওয়া যাবে না।এছাড়াও বহু tax অনাদায়ী আছে। সেগুলিও চিহ্নিত করনের কাজ চলছে। ফলে ঐগুলি বোর্ড মিটিং এ right off করে বর্তমান Demand তৈরী হবে।

শ্রী আশীষ মল্লিক জানতে চান পৌরএলাকায় যে Hoarding আছে তার সংখ্যা কত এবং পৌরসভা হতে অনুমোদন নেওয়া আছে কিনা। তিনি মনে করেন ঠিক ভাবে দেখা হলে Hoarding খাতে পৌরসভার আয় বাড়বে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন Hoarding দেখার জন্য একটি কমিটি আছে। Hoarding লাগানো এবং নবীকরণের জন্য form আছে সেটি পূরণ করে জমা দিতে হয়। বিজ্ঞাপন বাবদ আয় হয়। ব্যক্তি মালিকানার ক্ষেত্রে মালিকের থেকে অনুমতি আনতে হয়। আরো বলেন বড় Company হলে চিঠি করা হয়। Tower বসানোর ক্ষেত্রে পৌরবোর্ডে regulation করা আছে। এখন Tower Company ভিত্তিক হয়েছে। সেই Company গুলি permission নেয়। এখনও পর্যন্ত শুধুমাত্র Reliance Company Permission নিয়েছে বলে জানান।

শ্রীমতী আত্রেয়ী গুহ জানতে চান বানীকন্ঠ খাল ও নোয়াই CC1 খাল সংস্কার করা হবে কি ? তিনি বলেন অবিলম্বে নোয়াই সংস্কার না হলে তাঁর ওয়ার্ডের একটা বড় অংশ আসন্ন বর্ষায় প্লাবিত হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন downstream কাটার জন্য এবারে জল জমেনি। KMDA টাকা দিয়েছিল irrigation কেটেছিল। এবার irrigation দপ্তর নিজে Noai CC1 এর upstream কাটবে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন বানীকন্ঠ খালের জল ওয়ার্ডে ঢুকছে। কতকগুলি ওয়ার্ড এখনই প্লাবিত। দ্রুত ব্যবস্থা নেওয়া দরকার।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন এলাকাগুলি ভীষন নীচু। তিনি বলেন পাঞ্জাবী মাঠ, ক্ষুদিরাম পল্লী এলাকাগুলিতে এখনও জল আছে। রাস্তা উঁচু করলে হবে না। জল ফেলা হবে কোথায় এটা ঠিক করতে হবে। তিনি বলেন এ ব্যাপারে একটা কমিটি হয়েছিল। তারা কোন report দেয় নি।

শ্রী প্রকাশ রাহা বলেন এখনও পর্যবেক্ষন করা হয় নি।

শ্রী নিমাই ঘোষ বলেন জমির সমস্যা আছে।

শ্রী সনৎ বিশ্বাস বলেন কতকগুলি মৌজা মিলে সমস্যা আছে।

শ্রী পঙ্কজ চন্দ বলেন তাঁর ওয়ার্ডের বিস্তীর্ন অঞ্চল জলে প্লাবিত । এ বিষয়ে সমাধানে পৌরপ্রধানের বক্তব্য জানতে চান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আপনারা আগামী মঙ্গলবার ২ টার সময় পৌরসভার surveyor শেখর দাস কে সঙ্গে নিয়ে যাবেন। তারপর report জমা করবেন।

শ্রী অমিত রায় চৌধুরী ওয়ার্ড ভিত্তিক জলাশয়ের তালিকা করে সংরক্ষন করার প্রস্তাব দেন। গোপনে অনেক জলাশয়ের চরিত্র পরিবর্তন করা হচ্ছে বলে জানান।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন ওয়ার্ড ভিত্তিক তালিকা আছে।Inland Fisheries Act. অনুযায়ী B.L.L.R.O. অফিস মারফৎ চরিত্র পরিবর্তন করার নিয়ম আছে। সমপরিমান জলাশয় অন্য জায়গায় কেটে দিলে ভরাট করা যায়। এছাড়াও বলেন কোথাও জলাশয় ভরাট হচ্ছে জানতে পারলে পৌরসভার কার্য্যনির্বাহী আধিকারিক Asst. Director, Fisheries দপ্তরকে তৎক্ষনাৎ জানিয়ে দেন।

শ্রীমতী অন্তরা মজুমদার জানতে চান ডেঙ্গু ও ম্যালেরিয়াতে পৌরএলাকায় কতজন আক্রান্ত হয়েছেন সেই তালিকা পৌরসভার আছে কি ? এছাড়াও ডেঙ্গু ও ম্যালেরিয়া প্রতিরোধে পৌরসভা এখনও পর্যন্ত কি ভূমিকা নিয়েছে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন তালিকা নেই তবে জানতে পারার সাথে সাথে স্বাস্থ্য আধিকারিকসহ স্বাস্থ্য কর্মীরা গিয়ে খোঁজ নিচ্ছেন। এলাকার আশেপাশে পরিষ্কার করা এবং চুন ও ব্লিচিং পাউডার ছড়ানো হচ্ছে। সচেতনতার জন্য Hoarding লাগানো হয়েছে। Anti Mosquito Oil ছড়ানো ও Fogging করা হচ্ছে বলে জানান।

শ্রীমতী দ্বীপান্বিতা দত্ত জানতে চান গরীব মানুষ অথচ বাড়ীর তালিকায় নাম ওঠেনি । এরকম ক্ষেত্রে সেই পরিবারগুলির নাম যুক্ত করা যাবে কি ?

মাননীয় পৌরপ্রধানশ্রী রথীন ঘোষ মহাশয় বলেন survey list জমা দেওয়া হয়েছে। এখন কিছু করার নেই।

শ্রী শ্যামল দাশগুপ্ত বলেন আধার কার্ড যেভাবে হচ্ছে তাতে কবে শেষ হবে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন এখন NPR এর কাজ চলছে। এটা ধারাবাহিক কাজ। আমাদের কোন হাত নেই।

শ্রী পঙ্কজ চন্দ বলেন সপ্তাহে দুদিন হাট বসে। প্রচুর ময়লা জমে। পরিষ্কারের কোন ব্যবস্থা নেই। এ বিষয়ে পৌরসভার ভূমিকা কি তা জানতে চান ? আরো বলেন অবিলম্বে বাদুরোডে ভ্যান গাড়ী নিয়ন্ত্রনসহ চওড়া করার ব্যবস্থা নেওয়া হোক।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন হাট পরিষ্কার করা হতো। বন্ধ কেন খোঁজ নিয়ে দেখা হবে।হাট মালিককে চিঠি করা হবে বলে জানান। আরো বলেন ভ্যান নিয়ন্ত্রনের ব্যাপারে সকলের সহযোগিতা প্রয়োজন এবং বাদুরোড সম্প্রসারণের জন্য দোকানদারদের rehabilitation এর প্রচেষ্টা চলছে। দ্রুত মিটবে বলে আশা প্রকাশ করেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান গত সভার (৪নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

শ্রী সনৎ বিশ্বাস বলেন জিরো আওয়ারে তিনি বলেছিলেন দোলতলা হতে কাটাখাল, চৌমাথা হতে Fly Over এবং চৌমাথা থেকে বিবেকানন্দ কলেজ পর্যন্ত রাস্তার অবিলম্বে সারাই করা এবং ফুটপাথ চওড়া করা দরকার। লেখা হয়েছে সোদপুর রোড এবং যশোহর রোডের বিষয়ে। সংশোধন করার প্রস্তাব দেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন সংশোধন করা হবে।

শ্রীমতী আত্রেয়ী গুহ বলেন উত্তরায়নের plan টি দোতলা পর্যন্ত অনুমোদন পেয়েছিল। কিন্তু পূজোর ছুটিতে তিনতলা করেছে। পুলিশকে বলেও কোন লাভ হয়নি। অনুমোদনের বাইরের অংশ ভাঙার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন আলোচনা সাপেক্ষে দোতলা পর্যন্ত অনুমোদন দেওয়া হয়েছিল। তিনতলা কেন করল সে ব্যাপারে কারণ জানতে চেয়ে ৭ দিনের সময়সীমা দেওয়া হবে।ভাঙতে গেলে অনেক আইনী সমস্যা সামনে আসবে বলে জানান।

শ্রী সনৎ বিশ্বাস বলেন বেআইনী হলে পৌর পরিষেবা বন্ধ করা যেতে পারে।

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় বলেন পৌর পরিষেবা বন্ধ করা যেতে পারে।

সভায় আর কেহ আপত্তি বা মতামত না দেওয়ায় শ্রী সনৎ বিশ্বাসের বক্তব্য সংশোধন সহ বাকী সমস্ত সিদ্ধান্ত অপরিবর্তিত অবস্থায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

(১) মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত N.I.T. গুলি Fund সহ অনুমোদিত হলঃ

(i) MM/Chair/1856/1/2015-16, Sl. No. 1, dt. 21/09/15, Amount : Rs. 271440.00, Fund : Central 13th Finance (ADP 15 - 16)

(ii) MM/Chair/1856/1/2015-16, Sl. NO. 2, dt. 21/09/15 , Amount : Rs. 84999.00, Fund : Central 13th Finance (ADP 15 - 16)

(iii) MM/Chair/1856/1/2015-16, Sl. NO. 3, dt. 21/09/15 , Amount : Rs. 124779.00, Fund : Central 13th Finance (ADP 15 - 16)

(iv) MM/Chair/1856/1/2015-16, Sl. NO. 4, dt. 21/09/15 , Amount : Rs. 354769.00, Fund : BEUP

(v) MM/Chair/1844/2015-16, Sl. NO. 1, dt. 19/09/15 , Amount : Rs. 420000.00, Fund : OWN

(vi) MM/Chair/2015/1/2015-16, Sl. NO. 1, dt. 14/10/15 , Amount : Rs. 114500.00, Fund :OWN

(২) মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রকাশ রাহা মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(i) GIS and MIS survey of Different Municipal Assets
Amount : Rs. 256000.00, Fund: BSUP Phase 1 Innovative.

(ii) Development of Web GIS application with Open Source technology for Madhyamgram Municipality, Amount : Rs. 383000.00,
Fund: BSUP Phase 1 Innovative.

(iii) GIS Survey of households, Integration of GIS and MIS data, Amount : Rs. 357000.00, Fund: BSUP Phase 1 Innovative.

(iv) Mobile based Citizen Grievance Monitoring System, Amount : Rs. 200000.00, Fund: BSUP Phase 1 Innovative.

(৩) যে সমস্ত কাউন্সিলর তাঁদের নিজ ওয়ার্ডের ADP র বরাদ্দকৃত অর্থের scheme এখনও জমা দেন নি তাঁদের কে আগামী এক সপ্তাহের মধ্যে scheme জমা দিতে হবে।

(৪) HOUP-II প্রকল্পে পূর্ব উদয়রাজপুর বস্তি , ওয়ার্ড - ১০ এ শেখ আজিমুদ্দিনের পরিবর্তে পূর্ব উদয়রাজপুর বস্তি , ওয়ার্ড - ১০ (নতুন ওয়ার্ড ৫)-র পাঁচী দাসের নামে অন্তর্ভুক্ত করা হল।

(৫) ATAL MISSION FOR REJUVENATION AND URBAN TRANSFORMATION (AMRUT) প্রকল্পের GUIDELINE অনুযায়ী Urban Planner এবং Urban Infrastructure Experts নিয়োগের জন্য selection Committee গঠন করা হল। কমিটির সদস্যরা হলেন পৌরপ্রধান - শ্রী রথীন ঘোষ, উপ পৌরপ্রধান - শ্রী সুদীপ মিত্র , CIC সদস্য PWD - শ্রী প্রকাশ রাহা, Dy. Director DLB - শ্রী বিভাস গাঙ্গুলী , Executive Engineer, MED - শ্রী সমর দাস, Executive Officer - শ্রী হিমাংশু প্রভ রায় এবং Assistant Engineer - শ্রী রবীন মজুমদার। কমিটির Chairperson হবেন পৌরপ্রধান - শ্রী রথীন ঘোষ।

(৬) NULM প্রকল্পের GUIDELINE অনুযায়ী বিভিন্ন পদে কর্মী নিয়োগের জন্য যে selection Committee গঠন করা হয়েছে তাহা অনুমোদিত হল।কমিটির সদস্যরা হলেন পৌরপ্রধান - শ্রী রথীন ঘোষ, উপ পৌরপ্রধান - শ্রী সুদীপ মিত্র , CIC সদস্য - শ্রী অরবিন্দ মিত্র, Superintendet Engineer (Central Circle) - M.E.D., DLB র আধিকারিক- শ্রী বাসুদেব গুহ, অর্থ আধিকারিক - শ্রী রাজেন্দ্র নাথ মাহাত, C.P.O. - মধ্যমগ্রাম পৌরসভা এবং SUDA র একজন প্রতিনিধি।কমিটির Chairperson হবেন পৌরপ্রধান - শ্রী রথীন ঘোষ।

**(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ**

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী প্রহ্লাদ দত্ত মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ

(i) পানীয় জলের pipe line বসানোর কাজ KMDA কর্তৃপক্ষ দ্রুত শুরু করবে। যেখানে pipe line নেই সেই অঞ্চলে প্রথমে line বসানো হবে।

(ii) নেতাজী সুভাষচন্দ্র বোস হাসপাতাল ও রিসার্চ সেন্টারটি প্রয়োজনীয় আলোকিতকরণের উদ্দেশ্যে ছাদে কয়েকটি LED(90W) লাগানোর জন্য Tender No. MM/EL/Chair/NIT/1968/1/15-16, dt. 08/10/15 তে 77400.00 টাকা অনুমোদিত হল, যা Own Source (2015 - 2016) ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল। এ ছাড়া পার্কের Trident Post গুলিতে LED light (7W) লাগানোর উদ্দেশ্যে Tender No. MM/EL/Chair/NIT/1927/15-16, dt. 03/10/15 তে 115070.00 টাকা অনুমোদিত হল, যা 13th F.C. (2014 - 2015) ফান্ড থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।

(iii) বিগত 29.09.2015 তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সাঝিরহাট বৈদ্যুতিক চুল্লীটি নবীকরনের উদ্দেশ্যে Component অনুযায়ী সাতটি গ্রুপে ভাগ করে কাজটি সম্পূর্ণ করার কাজ শুরু হয়েছে। এই কাজের প্রথম পর্যায়ে Tender গুলি অনুমোদিত হল, যা অনুমোদিত Municipal Affairs Fund থেকে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হল।
Group - A , MM/EL/Chair/NIT/2125/15 - 16, dt. 06/11/2015 তে 495175.00টাকা
Group - C , MM/EL/Chair/NIT/2076/15 - 16, dt. 06/10/2015 তে 430760.00টাকা

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান পারিষদ সদস্য শ্রী নিমাই চন্দ্র ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(i) মশা বাহিত রোগ প্রতিরোধের সচেতনতার জন্য প্রচার বাবদ (Flex তৈরী ও লাগানো) Graphic Point, Barasat কে যে অর্থ দেওয়া হবে তাহা অনুমোদিত হল।

(ii) মশা বাহিত রোগ প্রতিরোধে Fogging Machine এর সাহায্যে Mosquito Oil Fogging এর যে কাজ শুরু হয়েছে তাহা অনুমোদিত হল।উক্ত কাজে শ্রমিকদের মজুরী এবং ডিজেল , পেট্রোল , ব্যাটরী ক্রয় বাবদ যে অর্থ ব্যয় হবে তাহা অনুমোদিত হল।

(iii) NUHM প্রকল্পের জন্য PTMO নিয়োগে যে ৭ জন আবেদন করেছিলেন তাঁদের মধ্য থেকে interview board যে চারজনের নাম PTMO হিসেবে সুপারিশ করেছেন তাঁদের দ্রুত নিয়োগ করা হবে।

(iv) জেলা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ১ থেকে ১৫ বছর বয়সী সমস্ত বাচ্চাদের স্কুল স্তরে জাপানী এনসেফালাইটিস টীকা দেওয়া হবে। এ ব্যাপারে সমস্ত কাউন্সিলরদের নিজ নিজ ওয়ার্ডের প্রাথমিক স্কুল গুলিকে সহযোগিতা করতে হবে। ছাত্র ছাত্রীদের অভিভাবকদের নিয়ে দ্রুত সভা করার জন্য প্রয়োজনীয় উদ্যোগও কাউন্সিলরদের নিতে হবে।

(v) আগামী ২২/১১/১৫ তারিখ Pulse Polio টীকাকরণ কর্মসূচী আছে সে ব্যাপারে স্বাস্থ্যকর্মীদের সহযোগিতা করার জন্য সমস্ত কাউন্সিলরদের উদ্যোগ নিতে হবে।

(৫) কমার্শিয়াল বিল্ডিং প্ল্যান অনুমোদন বিষয়কঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত কমার্শিয়াল বিল্ডিং প্ল্যানগুলি অনুমোদিত হলঃ-

৪৮৩, ৭৯৬, ৭২৯, ৮৬০, ৭১৫, ৮৪৪, ৭৯৫, ৫৭৪, ৮৩৪, ৭৭৭, ৭৫৫

(৬) বিবিধঃ

মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গুলি গৃহীত হলঃ

(১) পৌরসভা পরিচালিত পরিবেশ সচেতনতা মেলা প্রতিবারের ন্যায় এবারও আগামী ২৪শে ডিসেম্বর হতে ২৮শে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত সুভাষ ময়দানে অনুষ্ঠিত হবে। প্রয়োজনীয় ব্যয় পৌরতহবিল হতে করার সিদ্ধান্ত গৃহীত হল।

(২) পৌরসভার যানবাহন দপ্তরের প্রয়োজনে ড্রাইভার নিয়োগ এবং স্বাস্থ্য প্রশাসনিক ভবনগুলিতে supported staff নিয়োগের যে সিদ্ধান্ত হয়েছিল তার জন্য ৫ জনের একটি selection কমিটি গঠন করা হল। উক্ত কমিটি তে ৪ জন CIC সদস্য যথাক্রমে শ্রী অরবিন্দ মিত্র, শ্রী প্রকাশ রাহা, শ্রী নিমাই চন্দ্র ঘোষ, শ্রী প্রল্হাদ দত্ত সহ পৌরসভার নির্বাহী আধিকারিক শ্রী হিমাংশুপ্রভ রায় থাকবেন।

(৩) পৌরসভার ১৯ নং ওয়ার্ডের সুকান্ত সায়রের বর্তমান কমিটি ভেঙে দিয়ে নূতন ট্রাস্টি বোর্ড গঠন করার সিদ্ধান্ত গ্রহণ করা হল। নূতন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান হিসাবে CIC সদস্য শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়কে মনোনীত করা হল। শ্রী প্রল্হাদ দত্ত মহাশয়কে ট্রাস্টি বোর্ডের বাকী সদস্য নির্বাচনের ক্ষেত্রে বর্তমান কমিটির সকল সদস্য, ১৯ নং ওয়ার্ডের কাউন্সিলর এবং আশে পাশের ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে আলোচনা করে পৌরপ্রধানের নিকট জমা দিতে বলা হবে।

(৪) Nispana Innovative Platforms Pvt. Ltd. এর উদ্যোগে BANGALORE এ আগামী ৭ ও ৮ ই জানুয়ারী ২০১৬ তে যে NATIONAL SUMMIT FOR SUSTAINABLE WATER AND SANITATION 2016 অনুষ্ঠিত হচ্ছে সেখানে মধ্যমগ্রাম পৌরসভার পক্ষ থেকে SAE শ্রী প্রবীর চৌধুরী এবং S.I. শ্রী সুদীপ বিশ্বাস কে প্রতিনিধি মনোনীত করে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হল। প্রতিনিধি FEES সহ যাওয়া, আসা এবং থাকা সহ সমস্ত ব্যয় পৌরসভার পক্ষ থেকে বহন করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৫) তপশিলী জাতি সহায়তা প্রকল্প ২০১৫ - ১৬ লোনের ক্ষেত্রে ১০ টি, মহিলা সমৃদ্ধি যোজনা ২০১৫ - ১৬ লোনের ক্ষেত্রে ৪ টি এবং লঘু ব্যবসা যোজনা ২০১৫ - ১৬ লোনের ক্ষেত্রে ১ টি আবেদনপত্র পৌরসভাতে জমা পড়েছে সেই আবেদনপত্র গুলি পৌরসভার পক্ষ থেকে সুপারিশ সহ জেলা ম্যানেজার , তপশিলী জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম , উঃ ২৪ পরগনা -র নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পাঠানো হবে।

(৬) শ্রী শ্রী ছট্ পূজা কমিটি , আব্দালপুর এর সম্পাদকের আবেদন অনুযায়ী তাদেরকে ছট্ পূজা উপলক্ষে আব্দালপুর পুকুরের পাড় পরিষ্কার এবং স্টেজ ও বিদ্যুতের কাজের জন্য পৌরসভার পক্ষ থেকে যে ৩০,০০০.০০ টাকা অনুদান দেওয়া হয়েছে তাহা অনুমোদিত হল।

(৭) শ্রী শ্রী ছট্ পূজা কমিটি , গঙ্গানগর এর সম্পাদকের আবেদন অনুযায়ী তাদেরকে ছট্ পূজা উপলক্ষে গঙ্গানগর Scout Camp এর ভিতরের পুকুর পাড় পরিষ্কার এবং স্টেজ ও বিদ্যুতের কাজের জন্য পৌরসভার পক্ষ থেকে যে ৩৫,০০০.০০ টাকা অনুদান দেওয়া হয়েছে তাহা অনুমোদিত হল।

(৮) আবেদনের ভিত্তিতে ও স্থানীয় কাউন্সিলরের মতামতের উপর আলোচনা করে নিম্নলিখিত আবেদনকারীদের নামে occupier tax করার সিদ্ধান্ত গৃহীত হলঃ

(ক) শ্রী বাপি বসু, বিধান মার্কট, ওয়ার্ড নং - ৮,
জমির পরিমান - ১৩৮.৬৮ বর্গফুট (দোকানঘর)

(খ) শ্রীমতী স্বপ্না পাল ও শ্রীমতী রত্না মিশ্র, শ্রীনগর ১নং, ওয়ার্ড নং -৮,
জমির পরিমান - ১১ ছটাক (৩০০ বর্গফুটের কুঁড়ে ঘর)

(গ) শ্রী শৌভিক দত্ত, বিধান মার্কেট, ওয়ার্ড নং -৮,
জমির পরিমান - ১০০ বর্গফুট (দোকানঘর)

(ঘ) শ্রী দীপক সাহা, শ্রীনগর ১নং, ওয়ার্ড নং -৮,
জমির পরিমান - ৮ ছটাক ২৮ বর্গফুট (২৭৩ বর্গফুটের ঘরসহ)

(ঙ) মঙ্গলীদেবী শর্মা এবং ২ জন, বিধান মার্কেট, ওয়ার্ড নং -৮,
জমির পরিমান - ৫৪৮ বর্গফুট (দোকানঘর), (প্রথমতল - ২৪৯ বর্গফুট এবং দ্বিতল - ২৪৯ বর্গফুট)

(৯) দরপত্র আহ্বান করে নিম্নলিখিত order এর মাধ্যমে যে সমস্ত দ্রব্য ক্রয় করা হয়েছিল তাহা তহবিলসহ অনুমোদিত হল।

(i) MM/2259/Electric/14/2015-16, dt. 29/10/15,Amount : 26,860.00,
Fund : OWN Source (2015-16)

(ii) MM/2261/Tubewell/12/2015-16, dt. 14/10/15,Amount : 28,960.00,
Fund : Pro-Poor (2015-16)

(iii) MM/2262/PWD/02/2015-15, dt. 29/10/15,Amount : 2,24,228.00,
Fund : OWN FUND (ADP)2015-16

(iv) MM/2263/PWD/03/2015-16, dt. 31/10/15,Amount : 2,24,228.00,
Fund : OWN FUND (ADP)2015-16

(v) MM/2264/Tap/02/2015-16, Dt. 31/10/15,Amount : 3,65,000.00,
Fund : OWN FUND 2015-16

(vi) MM/2266/Office Stn./38/2015-16, dt. 03/11/15,Amount : 45,000.00,
Fund : Entertainment Tax(Stationary Charges.)15-16

(vii) MM/2268/Conservancy/15/2015-16, dt. 04/11/15,Amount : 88,000.00,
Fund : WBEGS 2015-16

(viii) MM/2269/Conservancy/16/2015-16, dt. 04/11/15,Amount : 43,750.00,
Fund : WBEGS 2015-16

(ix) MM/2272/Tubewell/14/2015-16, dt. 05/11/15,Amount : 40,320.00,
Fund : ADP OWN Source 2015 - 16

(x) MM/2274/Tubewell/15/2015-16, dt. 06/11/15,Amount : 51,960.00,
Fund : ADP OWN Source 2015 - 16

(xi) MM/2275/Con/17/2015-16, dt. 16/11/15,Amount : 1,45,125.00,
Fund : SUDA- Health/65/(Pt. - VII)/14/122(126), Dt. 07/08/15

(xii) MM/2276/Electric/16/2015-16, dt. 17/11/15,Amount : 2,29,220.00,
Fund :OWN Source 2015 - 16

(xiii) MM/2277/Electric/17/2015-16, dt. 17/11/15,Amount : 4,27,500.00,
Fund :OWN Source 2015 - 16

(xiv) MM/2278/Electric/18/2015-16, dt. 17/11/15,Amount : 44,000.00,
Fund :OWN Source 2015 - 16

(xv) MM/2279/Electric/19/2015-16, dt. 18/11/15,Amount : 1,33,500.00,
Fund :OWN Source 2015 - 16

(xvi) MM/2280/Electric/20/2015-16, dt. 18/11/15,Amount : 53,000.00,
Fund :OWN Source 2015 - 16

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী রথীন ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas